গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী প্রগতি কর্মসূচি
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা
www.pppbd.org

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৩৬.২৮.০৩৩.০২(১)-

তারিখঃ ১৩/০৮/২০২৫ খ্রিঃ

**বিষয় ঃ পল্লী প্রগতি কর্মসূচির কার্যক্রম সম্প্রসারণ প্রসঙ্গে।**

সূত্র: কর্মসূচির ০৪/৮/২০২৫ খ্রি: তারিখে অনুষ্ঠিত নীতি নির্ধারণী কমিটির ৫ নং সিদ্ধান্ত ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পল্লী প্রগতি কর্মসূচির কার্যক্রম শুরু থেকে দেশের ৪৭৬টি উপজেলায় একটি করে ইউনিয়নে বাস্তবায়ন করা হচ্ছে। উপজেলার সবচেয়ে দারিদ্রপিড়ীত ও পশ্চাৎপদ ইউনিয়নে কর্মসূচিটি বাস্তবায়িত হওয়ায় মাঠ পর্যায়ে বহুবিধ সমস্যা দেখা দিয়েছে। বিশেষত বিপুল পরিমাণ খেলাপী ঋণের বোঝা তৈরী হয়েছে। কিন্তু খেলাপী হ্রাসে বিবিধ উদ্যোগ গ্রহণ করা হলেও খেলাপী ঋণের পরিমাণ উল্লেখযোগ্য হারে হ্রাস করা সম্ভব হচ্ছে না। এ বিষয়ে মাঠ পর্যায় হতে কর্মকর্তাগণ বিআরডিবি'র অন্যান্য কর্মসূচির ন্যায় উপজেলার সকল ইউনিয়নে কর্মসূচিটি বাস্তবায়নের জন্য অনুমতি চেয়ে বিভিন্ন সময় টেলিফোনে অনুরোধ করেছেন। গত ০৪/৮/২০২৫ খ্রি: তারিখে অনুষ্ঠিত কর্মসূচির নীতি নির্ধারণী কমিটির সভায় এতদবিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে "প্রতিটি উপজেলায় কর্মসূচির উপজেলা কমিটির সিদ্ধান্তের আলোকে কর্মসূচিভূক্ত বর্তমান ইউনিয়নসহ আরও ১টি ইউনিয়নে অর্থ্যাৎ মোট ২টি ইউনিয়নে কর্মসূচির কার্যক্রম বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়"।

এমতাবস্থায়, উপজেলায় কর্মসূচিভূক্ত বর্তমান ইউনিয়নের পাশাপাশি ঐ উপজেলার (পৌরসভা ব্যতীত) অন্য অপর একটি ইউনিয়নে পল্লী প্রগতি কর্মসূচির ঋণসহ অন্যান্য কার্যক্রম পরিচালনার জন্য নিম্নবর্ণিত শর্তে অনুমতি প্রদান করা হলোঃ

শর্তাবলী :

১) কর্মসূচির কার্যক্রম মনিটরিং সুবিধা বিদ্যমান এবং যে এলাকায় বিতরণকৃত ঋণ খেলাপী হওয়ার সম্ভবনা কম এমন ইউনিয়ন নির্বাচন করতে হবে;

২) উপজেলা কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে নতুন ইউনিয়ন নির্বাচন করতে হবে;

৩) নতুনভাবে বিতরণকৃত ঋণ কোনভাবেই মেয়াদোত্তীর্ণ করা যাবে না;

৪) বর্তমান ইউনিয়নে ইতোমধ্যে বিতরণকৃত ঋণ প্রচলিত উপায়ে শতভাগ আদায় নিশ্চিত করতে হবে।

পত্র জারীর তারিখ হতে এ সিদ্ধান্ত কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
১৩/০৮/২০২৫
মিজানুর রহমান
কর্মসূচি পরিচালক
ফোন: ০২-৫৫০১১৭৪৬

**উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা**

**..................উপজেলা, .................. জেলা।**

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৩৬.২৮.০৩৩.০২(১)-৭৬৭

তারিখঃ ১৩/০৮/২০২৫ খ্রিঃ

**অনুলিপি ঃ সদয় অবগতির জন্য।**

১। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২। উপপরিচালক, বিআরডিবি, ........................ জেলা (ইউনিয়ন পরিবর্তনে ইউআরডিওদের যথাযথ নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৩। প্রোগ্রামার, পল্লী প্রগতি কর্মসূচি, বিআরডিবি, ঢাকা (পত্রটি কর্মসূচির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অফিস কপি।

১৩/০৮/২০২৫
মিজানুর রহমান
কর্মসূচি পরিচালক

F:\ASHRAF_WD\word\Letter_2025\letter D_ january_25.doc